

		
		
<p><b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</b></p> <p><b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b></p> <p><b>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</b></p>		

**বৃষ্টিপাত এবং আকস্মিক বন্যা সম্পর্কিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হাওর অঞ্চলের জন্য):**

প্রকাশের তারিখ: ০৮ মে, ২০২১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুসারে ০৮ মে থেকে ১৫ মে পর্যন্ত সময়ে বাংলাদেশের উত্তর-পূর্ব হাওর অঞ্চলে (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ও নেত্রকোনা)- মাঝারী থেকে ভারী বৃষ্টিপাত ও কতিপয় স্থানে অতি ভারী বৃষ্টিপাত সংঘটিত হতে পারে। এই সময়ে সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার নদীসমূহের পানিসমতল কতিপয় পয়েন্টে বিপদসীমা অতিক্রম করে স্বল্পমেয়াদী আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে হাওর অঞ্চলে আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- ২। দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৪। জমির আইল উঁচু করে দিন।
- ৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৭। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৮। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ৯। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।